সংবাদ

তারিখ ... 01 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

### উপবৃত্তির টাকা আত্মসাৎ

# বাগেরহাটে খানজাহান আলী পলিটেকনিক ইনস্টিটিউটে তালা ঝোলাল শিক্ষার্থীরা

**প্রতিনিধি, বাগেরহাট**

বাগেরহাট শহরের ভিআইপি মোড় এলাকায় ভাড়াবাড়িতে অবস্থিত বেসররকারি খানজাহান আলী পলেটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের উপ-বৃত্তির টাকা আত্মসাতের অভিযোগে প্রতিষ্ঠানের প্রধান ফটকে তালা দিয়েছে শিক্ষার্থীরা। রোববার বেলা সাড়ে ১১টার দিকে এই তালা লাগানোর ঘটনা ঘটে। খবর পেয়ে বাগেরহাট থানা পুলিশ ঘটনাস্থলে যায়।
শিক্ষার্থীরা জানান, সরকারিভাবে তাদের নামে বরাদ্ধকৃত দুই সেমিস্টারের ৯ হাজার ৬শ' টাকা না দিয়ে কলেজ কর্তৃপক্ষ ৫ হাজার টাকা কেটে রেখে তাদের মাত্র ৪ হাজার ৬শ' টাকা দিচ্ছে। এজন্য শিক্ষার্থীদের একটি ফর্মে স্বাক্ষর করিয়ে নেয়া হচ্ছে। ওই ফর্মে কলেজে ৫ হাজার টাকা দেয়া হচ্ছে বলে লেখা আছে।
তারা বলেন, সরকারিভাবে তাদের নামে বরাদ্ধকৃত পূর্ণ টাকা না দিলে তারা আরও বড় কর্মসূচি গ্রহণ করবে।
খানজাহান আলী পলেটেকনিক ইনস্টিটিউটের ইনচার্জ সমরুল আলম বলেন, ৭৫ ভাগ হাজিরা না থাকলে ওই শিক্ষার্থীরা উপ-বৃত্তির টাকা পাবে না। তাই তারা কম টাকা পাচ্ছে। বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাতাব উদ্দিন বলেন, পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে। কয়েকদিন আগে খানজাহান আলী পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের সঙ্গে প্রতারণার অভিযোগে ওই কলেজের ইলেকট্রিক্যাল বিভাগের শিক্ষার্থী সাইফুল ইসলাম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর লিখিত অভিযোগ করেন। ওই শিক্ষার্থী বলেন, প্রথমে বুঝতে পারি নাই কর্তৃপক্ষের নাকের ডগায় একটি বাড়ি ভাড়া নিয়ে কারিগরি শিক্ষার নামে এ প্রতিষ্ঠানটি অনৈতিক ব্যবসা প্রতিষ্ঠান খুলেছে। এখানে ভর্তিতে দুর্নীতি, সেমিস্টার পরীক্ষায় দুর্নীতি, সনদ প্রদানে বোর্ডের কথা বলে আর্থিক দুর্নীতি, কারগরি প্রতিষ্ঠান অথচ, প্রাকটিক্যাল শিক্ষার সরঞ্জাম নাই, অভিজ্ঞ শিক্ষক নাই। এ প্রতিষ্ঠানের স্বঘোষিত প্রিন্সিপাল এখানে না থাকায় এ বিষয়ে তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।